

Welland Gouldsmith School

Subject - 2nd language Bengali

Class -VII, Session- 2020-2021

গদ্য:- 'জীবনস্মৃতি' - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

গদ্যের সারসংক্ষেপ:-

উন্মাদগ্রস্ত স্বামী রামকান্তকে নিয়ে বিদ্যাসাগরের মাতামহী গঙ্গাদেবী তাঁর পিতা বিদ্যাবাগীশ মহাশয়ের আশ্রয়ে এসে উঠলেন। তাঁর সঙ্গে ছিল তাঁর দুই কন্যা - যার মধ্যে এক কন্যা হলেন বিদ্যাসাগরের মাতা ভগবতী দেবী। গঙ্গাদেবীর পিতা তাঁর জামাতার ভালো চিকিৎসার বন্দোবস্ত করে দিলেন। কিন্তু কিছুতেই কোনো উপকার না হওয়ায় কন্যা গঙ্গাদেবী, জামাতা রামকান্ত ও তাঁর নাতনিদের ভরণপোষণের দায়িত্ব বিদ্যাবাগীশ মহাশয়কে নিতে হল। তিনিও খুব যত্ন ও স্নেহের সঙ্গে তাঁদের ভরণপোষণ করতে লাগলেন। বিদ্যাবাগীশের পরিবার ছিল একান্নবর্তী। তাঁর মৃত্যুর পর সংসারের দায়িত্ব পড়ল তাঁর জ্যেষ্ঠ পুত্র রাধামোহন বিদ্যাভূষণের ওপর। রাধামোহনরা ছিলেন চার ভাই। তিন ভাই তাঁদের উপার্জনের সবটাই বড়ো ভাইয়ের হাতে তুলে দিতেন। রাধামোহন ছিলেন সমদর্শী ন্যায়পরায়ণ। তাঁর মধ্যে পক্ষপাত ছিল না। তিনি নিজের ছেলেমেয়েদের মতোই অন্য ভাইদের স্ত্রী, পুত্র, কন্যা ও বোনদের স্বামী, পুত্র, কন্যাদের যত্ন রাখতেন।

সাধারণত দেখতে পাওয়া যায় একান্নবর্তী পরিবারের ভাইদের মধ্যে বেশিদিন মিল থাকে না, ভাইদের মধ্যে ঝগড়া হয়ে তারা আলাদা হয়ে যায়। কিন্তু রাধামোহন ও তাঁর ভাইদের মধ্যে ভালোবাসা ও মানসিকতায় তাঁরা সমান ছিল। তাই কোনো মানুষ তাঁদের মধ্যে কখনো ঝগড়া দেখেনি। বোনেরাও তাদের স্বামী, পুত্র, কন্যা নিয়ে সুখ ও সমাদরে রাধামোহনের পরিবারের সঙ্গে একসাথে থাকত। এই পরিবারের প্রধান ধর্ম হল অতিথিসেবা। বিদ্যাসাগর তাঁর জীবন স্মৃতিতে এই পরিবারের আদর্শের কথা বিশেষভাবে উল্লেখ করেছেন।

- ১) অর্থ লেখ:- যথোচিত, অবধারিত, সচরাচর, সমাদরে।
- ২) বাক্য রচনা কর:- সচরাচর, প্রত্যক্ষ, স্বচ্ছন্দে, উপার্জন।
- ৩) সন্ধি বিচ্ছেদ কর:- যথোচিত, সমাদরে, মাতুলালয়, প্রত্যক্ষ।

৪) বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে পুনরায় লেখো:

- ক) গঙ্গা দেবী বিদ্যাসাগরের (ধাত্রীমা / পিতামহী / মাতামহী)।
- খ) বিদ্যাবাগীশ মহাশয়ের জামাতা হলেন(রামকান্ত / উমাকান্ত / শ্যামাকান্ত)।

৫) বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো:-

- ক) জামাতা এই জীবনে _____ (সুস্থ / প্রকৃতিস্থ / আল্পস্থ)হতে পারবেন না।
- খ) চারি সহোদর _____ (সারা জীবন / মাঝেমধ্যে / একসময়) একান্নবর্তী ছিলেন।

৬) নিচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর লেখো:-

- ক) গঙ্গাদেবীর কন্যার নাম কি?
- খ) গঙ্গাদেবীর স্বামীর কি হয়েছিল?
- গ) বিদ্যাবাগীশের জ্যেষ্ঠ পুত্রের নাম কি?
- ঘ) ভাইরা উপার্জনের অর্থ কাকে দিতেন?

৭) নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর লেখো:-

- ক) "ভগবতীকে লইয়া পিতা বিদ্যাবাগীশ মহাশয়ের আশ্রয়ে আসেন" – গঙ্গাদেবীর পিতার আশ্রয়ে আসার কারণ কি? কেন তাঁদের সেখানই থেকে যেতে হল?
- খ) "আমি স্বচক্ষে প্রত্যক্ষ করেছি"- কে, কী প্রত্যক্ষ করেছেন?